

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উটের বাচ্চার পা সূর্যতাপে উত্যপ্ত হওয়ার সময়ে চাশতের সালাত আদায় করা হলে, সেটি সালাতুল আওয়াবীন হিসেবে পরিগণিত হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الضُّحَى عِنْدَ تَرْمِيضِ الْفِصَالِ مِنْ صَلَاةِ الْأُقَّابِينَ

আরবী

2530 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ أَيُّوبَ عَنِ الْقَاسِمِ الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ: أَنَّهُ رَأَى قَوْمًا يُصِلُّون الضُّحَى فِي مَسْجِدِ قُبَاء فَقَالَ: لَقَدْ عَلِمُوا أَنَّ الصَّلَاةَ فِي غَيْرِ هَذِهِ السَّاعَةِ أَفْضَلُ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَدْ عَلِمُوا أَنَّ الصَّلَاةُ الْأَوَّابِينَ حِينَ تَرْمَضُ الفصال)

الراوي: زَيْد بْن أَرْقَمَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

২৫৩০. যাইদ বিন আরকাম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একদল লোককে মাসজিদে কুবায় চাশতের সালাত আদায় করতে দেখেছেন। অতঃপর তিনি বলেন, "নিশ্চয়ই এরা জানেন যে, এই সময় ছাড়া অন্য সময়ে এই সালাত পড়া উত্তম। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "সালাতুল আওয়াবীন (আদায় করার সময় হলো) যখন উটের বাচ্চার পা সূর্যতাপে উত্তপ্ত হয়।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭৪৮; মুসনাদ আহমাদ: ৪/৩৬৭; সুনান বাইহাকী: ৩/৪৯; তাবারানী আস সাগীর: ১৫৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ২/২৩০; আবূ আওয়ানা: ২/২৭০; আত তায়ালিসী: ৬৮৭; তাবারানী আল কাবীর: ৫১০৮; বাগাবী: ১০১০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৫৩০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন